

যক্ষ্মা কী?

- যক্ষ্মা একটি জীবাণুঘটিত রোগ।
- হাঁচিকাশির মাধ্যমে যক্ষ্মারোগের সংক্রমণ ঘটে।

যক্ষ্মা রোগের লক্ষণ কী কী?

ফুসফুসের যক্ষ্মার প্রধান লক্ষণ হল একনাগাড়ে তিন সপ্তাহ বা তার অধিক সময় ধরে কাশি এ ছাড়াও নিচের লক্ষণগুলো দেখা দিতে পারে-

- বিকেলের দিকে অল্প অল্প জ্বর এবং রাতে শরীর যেমে জ্বর ছেড়ে যাওয়া।
- বুকে অথবা পিঠের উপরের অংশে ব্যথা।
- খাবারে অরুচি।
- ওজন কমে যাওয়া এবং শরীর দিনদিন দুর্বল হয়ে যাওয়া।
- শ্বাসকষ্ট।

বিশেষভাবে মনে রাখতে হবে, ফুসফুসের যক্ষ্মার প্রধান লক্ষণ হল একনাগাড়ে তিন সপ্তাহ বা তার অধিক সময় ধরে কাশি। কাশির সঙ্গে রক্ত থাকতে পারে আবার নাও থাকতে পারে।

যক্ষ্মারোগ সনাক্ত হলে করণীয় কী?

- যক্ষ্মা একটি সংক্রামক রোগ, বিশেষ করে ফুসফুসের যক্ষ্মা সহজেই একজন থেকে আরেকজনের মধ্যে ছড়ায়।
- ফুসফুসের যক্ষ্মায় আক্রান্ত রোগী বিনা চিকিৎসায় থাকলে তার হাঁচি-কাশির মাধ্যমে যক্ষ্মার জীবাণু বাতাসে ছড়িয়ে পড়ে, যা শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে সুস্থ ব্যক্তিকে আক্রান্ত করে।
- যক্ষ্মারোগ সনাক্তকরণের জন্য কফ পরীক্ষা ও চিকিৎসা সম্পূর্ণ বিনামূল্যে পাওয়া যায়।
- যক্ষ্মারোগ সনাক্ত হলে অবিলম্বে চিকিৎসা শুরু করতে হবে।
- নিয়মিত, সঠিকমাত্রায় এবং পূর্ণ মেয়াদের ওষুধ খেতে হবে।
- যক্ষ্মারোগীকে নিয়মিত স্বাস্থ্যকর্মী বা স্বাস্থ্যসেবিকার সামনে সরাসরি পর্যবেক্ষণের মাধ্যমে সঠিকমাত্রায় এবং পূর্ণ মেয়াদে ওষুধ সেবন করতে হবে।
- চিকিৎসা চলাকালীন সময়ে, নির্দিষ্ট বিরতিতে (ডাক্তারের পরামর্শ অনুসারে) রোগের অবস্থা বোঝার জন্য কফ পরীক্ষা/ অন্যান্য পরীক্ষা করাতে হবে।
- পরিবারে একজন রোগী হলে পরিবারের অন্যদের, বিশেষ করে শিশু এবং বয়স্কদের কারো কাশি থাকলে তাদেরও কফ পরীক্ষা করাতে হবে।

যক্ষ্মারোগের চিকিৎসা কোথায় পাওয়া যায়?

জাতীয় সরকার যক্ষ্মারোগ নির্ধারণে ছাত্র কফ পরীক্ষা ও এর চিকিৎসা বিদ্যমান স্থায়ী থাকে।

নির্ধারিত স্থানে বিদ্যমান যক্ষ্মারোগ নির্ণয়ের জন্য কফ পরীক্ষার অন্তর্ভুক্ত

পরীক্ষা ও চিকিৎসা পাওয়া যায়:

- মেডিকেল হাসপাতাল।
- সফল উপজেলা স্বাস্থ্যকেন্দ্র।
- ৪৪টি বন্ধুত্বাধি ক্লিনিক/হাসপাতাল, ৭টি (২০পয়া বিশিষ্ট বন্ধুত্বাধি ক্লিনিক/হাসপাতাল)।
- ৪টি বিভাগীয় বন্ধুত্বাধি হাসপাতাল।
- এক জাতীয় বন্ধুত্বাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
- সরকারি বা বেসরকারি রেজিস্ট্রেশন কলেজ হাসপাতাল।
- বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র।
- কলেজের সন্থ।
- সর্ধ্বনিত সার্বিক হাসপাতাল এক জাতীয় স্বাস্থ্যকেন্দ্র, পুলিশ এক আলমার পরিচালিত হাসপাতালসন্থ।
- ঝরিপাশ, ইন্ডাস্ট্রি, রামগাণী, ফুলগা, শিখর, ঢাকা এর পল্লী স্বাস্থ্যকেন্দ্র (নির্ধারিত এলাকায় এক সরকারি ক্লিনিক)।

জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচীর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন



জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচি

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা ১২১২

টেলিফোন: +৮৮ ০২ ৯৮৮৪৬৫৭

ওয়েব: www.ntp.gov.bd



ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচি

ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা ১২১২, বাংলাদেশ

টেলিফোন: +৮৮ ০২ ৯৮৮১২৬৫ +৮৮ ০২ ৮৮২৪১৮০

ফ্যাক্স: +৮৮ ০২ ৮৮২৩৬১৪

ইমেইল: health.tb@brac.net ওয়েব: www.brac.net

যক্ষ্মা সনাক্তকরণের জন্য কফ পরীক্ষা ও রোগের ওষুধ বিনামূল্যে সরবরাহ করা হয়